দৈনিক ইত্তেফাক

তারিখ ... [illegible]
পৃষ্ঠা ... ৪ ... কলাম [illegible]

13

## সমস্যা জর্জরিত একটি কলেজ

জামালপুর জেলার মাদারগঞ্জ সরকারী কলেজে অধ্যক্ষসহ সাতটি পদ দীর্ঘ দিন যাবৎ শূন্য থাকায় স্নাতক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর লেখাপড়া ব্যাহত হইতেছে। জানা গিয়াছে ২০টি শিক্ষক পদের মধ্যে ইসলামের ইতিহাসে একজন, অর্থনীতিতে একজন, রাষ্ট্রবিজ্ঞানে একজন এবং বাণিজ্য শাখায় কয়েকটি প্রভাষকের পদ শূন্য। লাইব্রেরীতে বইয়ের সংখ্যা অপ্রতুল। তাহাছাড়া লাইব্রেরীয়ান এর অভাবে লাইব্রেরীটিতে দীর্ঘদিন যাবৎ তালা ঝুলিতেছে। এই কলেজে দীর্ঘদিন ধরিয়া শিক্ষক নিয়োগ বন্ধ রহিয়াছে। অধ্যক্ষের অভাবে প্রশাসনিক কাজকর্ম ব্যাহত হইতেছে। প্রতি বৎসর ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়িলেও শিক্ষা উপকরণ, নূতন ভবন এবং প্রভাষক, প্রদর্শক, লাইব্রেরীয়ানের পদ পূরণ করা হয় নাই। এমতাবস্থায়, কলেজটির সমস্যাগুলি সমাধানের জন্য আশু ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

রুহুল আমিন,
জোনাইন বাজার, মাদারগঞ্জ,
জামালপুর।